# প্রসপেক্টাস

# প্রথম বিএসআরএস মিউচ্যুয়াল ফান্ড

**ব্যবস্থাপনায়ঃ বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা (বিএসআরএস)**

**(বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা আদেশ, ১৯৭২ (রাষ্ট্রপতির আদেশ নং ১২৮) এর ক্ষমতা বলে বিএসআরএস ৩১শে অক্টোবর, ১৯৭২ সনে প্রতিষ্ঠিত। বিএসআরএস একটি বিধিবদ্ধ সংস্থা)।**

**প্রধান কার্যালয়ঃ বিআইডব্লিউটিএ ভবন, ১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা, বাংলাদেশ**

**১০০.০০ টাকা সমমূল্যে ৫,০০,০০০ প্রথম বিএসআরএস মিউচ্যুয়াল ফান্ড সার্টিফিকেট দরখাস্তের সহিত সম্পূর্ণ নগদ মূল্যে জনসাধারণ কর্তৃক ক্রয়ের উদ্দেশ্যে প্রসপেক্টাস ইস্যু করা হইল।**

**চাঁদা গ্রহণ শুরুর তারিখঃ ১/১২/১৯৯৬ইং**

**চাঁদা গ্রহণ বন্ধের তারিখঃ ৭/১২/১৯৯৬ইং**

**প্রারম্ভনাঃ**

চাঁদা গ্রহণ শুরুঃ ১০০.০০ টাকা সমমূল্যে ৫,০০,০০০ প্রথম বিএসআরএস মিউচ্যুয়াল ফান্ড সার্টিফিকেট দরখাস্তের সহিত সম্পূর্ণ নগদ মূল্যে জনসাধারণ কর্তৃক ক্রয়ের উদ্দেশ্যে প্রসপেক্টাস ইস্যু করা হইল।

১৯৯৩ সালে সংশোধিত ১৯৬৯ সালের সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ অর্ডিন্যান্সের আওতায় প্রথম বিএসআরএস মিউচ্যুয়াল ফান্ড সার্টিফিকেট ইস্যু করার জন্য সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের সম্মতি গ্রহণ করা হইয়াছে এবং সংস্থার রেজিষ্টার্ড অফিসে সাধারণের অবলোকনের জন্য ইহার একটি পূর্ণাংগ অনুলিপি উম্মুক্ত রাখা হইয়াছে। ইহা সুস্পষ্টভাবে অনুধাবনযোগ্য যে, অনুরূপ সম্মতি দানের মাধ্যমে সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন ফান্ডের আর্থিক সুষ্ঠুতা কিংবা সে বিষয়ে প্রদত্ত কোন বিবৃতি বা প্রকাশিত কোন অভিমতের নির্ভুলতা সম্পর্কে কোনরূপ দায়িত্ব গ্রহণ করিতেছে না।

শেয়ার বাজারে প্রথম বিএসআরএস মিউচ্যুয়াল ফান্ড সার্টিফিকেটের অন্তর্ভুক্তি এবং সেগুলি লেনদেনের জন্য ঢাকা ও চট্টগ্রাম ষ্টক এক্সচেঞ্জে [illegible] ২২.[illegible]। চাঁদার তালিকা বন্ধের ৬ সপ্তাহের মধ্যে ষ্টক এক্সচেঞ্জে তালিকাভুক্তির আবেদন গৃহীত না হইলে সার্টিফিকেট বরাদ্দ বাতিল বলিয়া গণ্য হইবে এবং এই ক্ষেত্রে পরবর্তী ৩০ দিনের মধ্যে আবেদনকৃত অর্থ ফেরত দেওয়া হইবে। ৩০ দিনের মধ্যে টাকা ফেরত দানে ব্যর্থ হইলে সংস্থা ব্যাংক হারের চেয়ে ৫ শতাংশ বেশী হারে সুদসহ অর্থ পরিশোধ করিতে বাধ্য থাকিবে।

প্রথম বিএসআরএস মিউচ্যুয়াল ফান্ডের চাঁদা গ্রহণ ১/১২/৯৬ ইং তারিখে ব্যাংকিং কার্যক্রম শুরু হইবার লগ্নে আরম্ভ হইবে এবং ৭/১২/৯৬ইং তারিখে ব্যাংকিং কার্যক্রম শেষ হইবার লগ্নে বন্ধ করা হইবে।

**দলিলাদির তালিকা**

নিম্নোক্ত দলিলাদি প্রসপেক্টাসের সহিত সম্পৃক্তঃ

(১) বিএসআরএস আদেশ, ১৯৭২ (রাষ্ট্রপতির আদেশ নং-১২৮/১৯৭২)।

(২) বিএসআরএস মিউচ্যুয়াল ফান্ড রেগুলেশনস, ১৯৯৬।

**গুরুত্বপূর্ণ তথ্যসমূহ**

(১) ফান্ডের মূলধন ৫,০০,০০,০০০.০০ (পাঁচ কোটি) টাকা।

(২) মার্কেট লটের পরিমাণ ১০০.০০ টাকা মূল্যমানের ৫০টি সার্টিফিকেট।

(৩) ফান্ডের আয় আয়কর পরিশোধ হইতে অব্যাহতি পাইতে পারে।

(৪) ফান্ডে বিনিয়োজিত অর্থ কর অব্যাহতি পাইতে পারে।

(৫) তালিকাভুক্ত শেয়ার এবং ডিবেঞ্চারে ফান্ডের অর্থ বিনিয়োগ করা হইবে।

(৬) ঢাকা ও চট্টগ্রাম ষ্টক এক্সচেঞ্জে সার্টিফিকেট তালিকাভুক্ত থাকিবে।

(৭) প্রবাসী বাংলাদেশী বিনিয়োগকারীগণও এই ফান্ডে অর্থ বিনিয়োগ করিতে পারিবেন।

**ঝুঁকিঃ**

(১) ফান্ডের তহবিল যেহেতু বিভিন্ন কোম্পানীর শেয়ার এবং ডিবেঞ্চারে বিনিয়োগ করা হইয়াছে সেহেতু কোম্পানীগুলি নিয়মিত হারে নগদ এবং ষ্টক লভ্যাংশ পরিশোধ না করিলে এবং মূলধন মুনাফা অর্জন সম্ভব না হইলে ফান্ডের আয় হ্রাস পাইতে পারে যা লভ্যাংশ হারের উপর বিরূপ প্রভাব বিস্তার করিতে পারে।

(২) ফান্ডে কিছু কিছু সিকিউরিটি অভিহিত মূল্যে সংগ্রহ করা হইলেও কিছু কিছু সিকিউরিটি অভিহিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে ক্রয় করা হইয়াছে। ফলে সিকিউরিটির বাজার মূল্য ক্রয় মূল্যের তুলনায় হ্রাস পাইলে এবং বৎসর পরম্পরায় এই অবস্থা বিদ্যমান থাকিলে মূলধন ক্ষতির সমূহ সম্ভাবনা রহিয়াছে।

(৩) পত্র কোষে অন্তর্ভুক্ত সিকিউরিটিগুলির বাজারমূল্য পরিবর্তিত হইলে ফান্ডের নীট এ্যাসেট ভ্যালু উঠানামা করিতে পারে।

**সার্টিফিকেট ইস্যুর উদ্দেশ্যঃ**

(১) বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ করা;

(২) সঞ্চয় সংগ্রহ এবং তাহা উৎপাদনশীল খাতে বিনিয়োগ করা;

(৩) বিনিয়োগকারীদের জন্য পরোক্ষভাবে একটি সুষম পোর্টফোলিওতে বিনিয়োগের সুবিধা প্রদান করিয়া সিকিউরিটিতে বিনিয়োগের ঝুঁকি হ্রাসকরণ;

(৪) ষ্টক এক্সচেঞ্জে সিকিউরিটিজ লেনদেন বৃদ্ধিতে সহায়তা করা।

## প্রথম অধ্যায়

**০১। সার্টিফিকেট ইস্যুঃ**

প্রতিটি ১০০/= টাকা মূল্যমানের ৫,০০,০০০ প্রথম বিএসআরএস মিউচ্যুয়াল ফান্ড সার্টিফিকেট ইস্যু।

**০২। সার্টিফিকেটের জন্য আবেদন ও ইস্যুর শর্তাবলীঃ**

উপরোক্ত ৫,০০,০০০টি সার্টিফিকেট নিম্নোক্তভাবে আবেদনকারীদের মধ্যে বন্টিত হইবেঃ-

(১) ৫৫ শতাংশ সার্টিফিকেট অর্থাৎ ২,৭৫,০০০টি সার্টিফিকেট সর্বনিম্ন লট ৫০টি সার্টিফিকেটের জন্য আবেদনকারীদের মধ্যে অফার এবং বন্টিত হইবে;

(২) ১০ শতাংশ অর্থাৎ ৫০,০০০টি সার্টিফিকেট ৫০টি সার্টিফিকেটের অধিক কিন্তু ৫০০টির বেশী নয় এমন আবেদনকারীদের মধ্যে অফার এবং বন্টিত হইবে;

(৩) ১০ শতাংশ অর্থাৎ ৫০,০০০টি সার্টিফিকেট ৫০০টির অধিক কিন্তু ১,০০০টির বেশী নয় এমন আবেদনকারীদের মধ্যে অফার এবং বন্টিত হইবে;

(৪) ১০ শতাংশ অর্থাৎ ৫০,০০০টি সার্টিফিকেট ১,০০০ এর অধিক কিন্তু ৫,০০০টির বেশী নয় এমন আবেদনকারীদের মধ্যে অফার এবং বন্টিত হইবে;

(৫) ১৫ শতাংশ শেয়ার অর্থাৎ ৭৫,০০০টি সার্টিফিকেট ৫,০০০ এর অধিক সার্টিফিকেটের জন্য আবেদনকারী ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, ইন্স্যুরেন্স কোম্পানী এবং আর্থিক ও বাজার মধ্যস্থতাকারী কোম্পানীর মধ্যে অফার এবং বন্টন করা হইবে।

০৩। সর্বনিম্ন ৫০টি সার্টিফিকেট এবং ৫০ এর গুণিতক সংখ্যক সার্টিফিকেটের জন্য আবেদন করা যাইবে। আলোচ্য শর্ত পালিত না হইলে আবেদন বরাদ্দের জন্য বিবেচিত হইবে না।

০৪। সর্বনিম্ন লট ৫০টি সার্টিফিকেটের জন্য সমসংখ্যক আবেদনপত্র অর্থাৎ ২,৭৫,০০,০০০ টাকার আবেদনপত্র পাওয়া গেলে সকল আবেদনকারীকেই ৫০টি সার্টিফিকেট ইস্যু করা হইবে। আবেদনকৃত অর্থের পরিমাণ ২,৭৫,০০,০০০ টাকার বেশী হইলে ৫০টি সার্টিফিকেটের জন্য আবেদনকারীদের মধ্যে বরাদ্দপত্র লটারীর মাধ্যমে বন্টিত হইবে। উক্ত লটারী সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা ষ্টক এক্সচেঞ্জ, চিটাগাং ষ্টক এক্সচেঞ্জ এবং আইসিবি'র প্রতিনিধিদের উপস্থিতিতে অনুষ্ঠিত হইবে।

০৫। সর্বনিম্ন লট ব্যতিরেকে অন্যান্য লটে আবেদনের ক্ষেত্রে চাঁদার পরিমাণ অধিক হইলে সার্টিফিকেট আনুপাতিকহারে বন্টন করা হইবে।

০৬। সার্টিফিকেট বরাদ্দের ক্ষেত্রে কোন জটিলতার উদ্ভব হইলে সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্ধারিত পদ্ধতি অনুযায়ী সার্টিফিকেট ইস্যু করা হইবে।

০৭। সর্বনিম্ন সাবসক্রিপশন যাহার ভিত্তিতে সংস্থা কর্তৃপক্ষ বরাদ্দপত্র ইস্যুকরণে অগ্রসর হইবে তাহা হইতেছে প্রথম বিএসআরএস মিউচ্যুয়াল ফান্ড সার্টিফিকেটের পূর্ণ সংখ্যার জন্য আবেদনকারীদের সাবসক্রিপশন।

## দ্বিতীয় অধ্যায়

**বিলিকারীর কমিশন, ব্রোকারেজ, আয়কর ইত্যাদি**

(ক) **আবেদনপত্রের উপর প্রদত্ত কমিশনঃ** বিলিকারী ব্যাংকসমূহকে মোট জমাকৃত আবেদনপত্র তথা মোট সংগৃহীত অর্থের উপর শতকরা ১ ভাগ এর এক চতুর্থাংশ হারে কমিশন দেওয়া হইবে। অন্য কোন খরচ বহন করা হইবে না।

(খ) **ব্রোকারেজঃ** ষ্টক এক্সচেঞ্জ এর সদস্য/সদস্যাগণকে সদস্যসীল সম্বলিত সফল আবেদনের ভিত্তিতে মোট বরাদ্দের উপর অনধিক ১ শতাংশ হারে ব্রোকারেজ দেওয়া হইবে।

(গ) **প্রাথমিক খরচঃ** বিলিকারীর কমিশন, ষ্টক এক্সচেঞ্জের সদস্যদের কমিশন, মুদ্রণ ও ষ্টেশনারী এবং প্রসপেক্টাস প্রকাশনা ইত্যাদি খাতে ফান্ডের আনুমানিক প্রায় টাকা ৩১.৪০ লক্ষ খরচ হইবে।

(ঘ) **আয়কর অব্যাহতিঃ** ১৯৮৪ সালের আয়কর আইনের ৪৪ ধারা অনুযায়ী ফান্ডের আয়কে আয়কর পরিশোধ হইতে অব্যাহতি দেওয়ার জন্য জাতীয় রাজস্ব বোর্ডের বরাবরে আবেদন করা হইয়াছে। ইহা ছাড়া ১৯৮৪ সালের আয়কর আইনের ৪২(২) ধারানুযায়ী ফান্ডে বিনিয়োজিত অর্থ প্রচলিত নিয়মানুযায়ী আয়কর হইতে অব্যাহতি পাইবে।

(ঙ) **ইন্স্যুরেন্স আইন অনুযায়ী অনুমোদনঃ** ১৯৩৮ সালের ইন্স্যুরেন্স আইনের ২নং ধারার ৩(এ) অনুচ্ছেদ অনুযায়ী ফান্ডের সার্টিফিকেট অনুমোদিত বিনিয়োগ হিসাবে নিবন্ধন/স্বীকৃতি লাভ করিয়াছে।

## তৃতীয় অধ্যায়

**সার্টিফিকেটের জন্য আবেদন**

১। সর্বনিম্ন ৫০ এবং ৫০ এর গুণিতক যে কোন সার্টিফিকেট-এর জন্য আবেদন করিতে হইবে।

২। আবেদনপত্রের ফরম বিএসআরএস প্রধান কার্যালয় ও শাখা সমূহে, ঢাকা ষ্টক এক্সচেঞ্জ, চট্টগ্রাম ষ্টক এক্সচেঞ্জ এবং ইস্যুর বিলিকারী ব্যাংকসমূহে পাওয়া যাইবে।

৩। যে কোন আবেদনকারী নির্ধারিত ফরমের কোন রকম পরিবর্তন ব্যতীত মুদ্রণ/ফটোকপি/টাইপকপি এবং স্পষ্ট হস্তাক্ষরে লিখিত আবেদনপত্র দাখিল করিতে পারিবেন।

৪। আবেদনকৃত অর্থসহ যথাযথভাবে পূরণকৃত সম্পূর্ণ আবেদনপত্র নিম্নলিখিত যে কোন বিলিকারী ব্যাংকে দাখিল করা যাইবেঃ

(ক) **ইনভেষ্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশঃ**

১) প্রধান কার্যালয়, বিএসবি ভবন, ৮নং রাজউক এভিনিউ, ঢাকা।
২) চট্টগ্রাম শাখা, পাইন ভিউ, ১০০, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
৩) রাজশাহী শাখা, ষ্টার ভবন, ৭৪, নতুন নাটোর রোড, সাহেব বাজার, রাজশাহী।
৪) খুলনা শাখা, কেডিএ ভবন, যশোর রোড, খুলনা।
৫) সিলেট শাখা, চেম্বার বিল্ডিং, জেল রোড, সিলেট।
৬) বরিশাল শাখা, ৮৭/৮৮, হেমায়েতউদ্দিন রোড, বরিশাল।

(খ) **আইএফআইসি ব্যাংক লিঃ**

১) ফেডারেশন শাখা, ঢাকা।
২) ধানমন্ডি শাখা, ঢাকা।
৩) গুলশান শাখা, গুলশান, ঢাকা।
৪) আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম।
৫) কুষ্টিয়া শাখা, কুষ্টিয়া।
৬) রাজশাহী শাখা, রাজশাহী।

(গ) **সোনালী ব্যাংকঃ**

১) দিলকুশা শাখা, ঢাকা।
২) সদরঘাট শাখা, ঢাকা।
৩) বগুড়া শাখা, বগুড়া।
৪) সিলেট শাখা, সিলেট।

(ঘ) **অগ্রণী ব্যাংকঃ**

১) প্রধান শাখা, মতিঝিল, ঢাকা।
২) আমিনকোর্ট শাখা, মতিঝিল, ঢাকা।
৩) রমনা শাখা, ঢাকা।
৪) ফার্মগেট শাখা, ঢাকা।
৫) আগ্রাবাদ বা/এ শাখা, চট্টগ্রাম।

(ঙ) **জনতা ব্যাংকঃ**

১) লোকাল অফিস, মতিঝিল, ঢাকা।
২) বৈদেশিক বাণিজ্য কর্পোরেট শাখা, ঢাকা।
৩) ইমামগঞ্জ কর্পোরেট শাখা, ঢাকা।
৪) রাজশাহী প্রধান শাখা, রাজশাহী।

(চ) **বাংলাদেশ শিল্প ব্যাংক (বিএসবি)ঃ**

ঢাকা বাণিজ্যিক শাখা, ঢাকা।

(ছ) **আরব-বাংলাদেশ ব্যাংক লিমিটেডঃ**

১) প্রধান শাখা, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বা/এ, ঢাকা।
২) কাওরান বাজার শাখা, বিএসইসি ভবন, ১০২, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।
৩) নিউ এলিফ্যান্ট রোড শাখা, ৯২, নিউ এলিফ্যান্ট রোড, ঢাকা।
৪) খুলনা শাখা, ৪, কেডিএ বাণিজ্যিক এলাকা, খুলনা।

(জ) **উত্তরা ব্যাংক লিঃ**

১) কর্পোরেট শাখা, ৯০, মতিঝিল বা/এ, ঢাকা।
২) লোকাল অফিস, ১২৯-১৩০, মতিঝিল বা/এ, ঢাকা।
৩) কুমিল্লা শাখা, কান্দিরপাড়, কুমিল্লা।
৪) বরিশাল শাখা, সদর রোড, বরিশাল।

(ঝ) **সিটি ব্যাংক লিঃ**

১) প্রিন্সিপাল অফিস, জীবন বীমা টাওয়ার, ১০, দিলকুশা বা/এলাকা, ঢাকা।
২) নিউ মার্কেট শাখা, ২৩, মিরপুর রোড, ঢাকা।
৩) টানবাজার শাখা, ৫২, এস, এম, মালেহ রোড, নারায়ণগঞ্জ।
৪) বন্দরবাজার শাখা, ৮৭৭, বন্দর বাজার, সিলেট।

(ঞ) **ঢাকা ব্যাংক লিঃ**

১) লোকাল অফিস, আদমজী কোর্ট শাখা, ঢাকা।
২) আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম।

(ট) **প্রাইম ব্যাংক লিঃ**

১) মতিঝিল শাখা, আদমজী কোর্ট এনেক্স বিল্ডিং নং-২, মতিঝিল, ঢাকা।
২) ইসলামী শাখা, ১৯, দিলকুশা বা/এলাকা, ঢাকা।
৩) মহাখালী শাখা, ১১, মহাখালী বা/এ, ঢাকা।
৪) খাতুনগঞ্জ, ২৩২, খাতুনগঞ্জ (নবী মার্কেট), চট্টগ্রাম।
৫) খুলনা শাখা, ৭৬, খান এ সবুর রোড (পুরাতন), খুলনা।

(ঠ) **ন্যাশনাল ব্যাংক লিঃ**

১) দিলকুশা শাখা, দিলকুশা বা/এ, ঢাকা।
২) মতিঝিল শাখা, মতিঝিল বা/এ, ঢাকা।
৩) ইমামগঞ্জ শাখা, ঢাকা।
৪) আগ্রাবাদ শাখা, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

৫। (ক)(১) আবেদনকারীগণকে আবেদনকৃত সার্টিফিকেট এর মোট মূল্য নগদ, ক্রসকৃত চেক, ব্যাংক ড্রাফট কিংবা পে-অর্ডার আকারে আবেদনপত্রের সহিত অবশ্যই সংযুক্ত করিয়া দিতে হইবে যাহা ব্যাংকার টু দি ইস্যু হিসাব প্রথম বিএসআরএস মিউচ্যুয়াল ফান্ড এর অনুকূলে ক্রসকৃত "একাউন্ট পেয়ী ওনলি" চিহ্নিত হইতে হইবে। সকল চেক, ড্রাফট অথবা পে-অর্ডার তফসিলি ব্যাংকসমূহ হইতে করিতে হইবে। আবেদনপত্র যেই শহরে দাখিল করা হইবে সেই শহরের ব্যাংক হইতে দেয় পে-অর্ডার, ড্রাফট গ্রহণ করা হইবে।

(২) বিলিকারী ব্যাংক কর্তৃক সংগৃহীত অর্থ বিএসআরএস এর নিম্নোক্ত হিসাবে স্থানান্তর করিতে হইবে, অগ্রণী ব্যাংক, প্রধান শাখা, হিসাব নং এসটিডি-২২৪-৯। বরাদ্দপত্র এবং রিফান্ড ওয়ারেন্ট ইস্যুর পূর্ব পর্যন্ত প্রাপ্ত সাবসক্রিপশন অর্থ ব্যবহার করা হইবে না।

(৩) নাবালক এবং বিকৃত মস্তিষ্ক ব্যক্তি ব্যতিরেকে সকল আবেদনকারী পূর্ণ নাম উল্লেখপূর্বক সার্টিফিকেটের জন্য আবেদন করিতে পারিবেন। আর্থিক প্রতিষ্ঠান/বাজার মধ্যস্থতাকারীগণের আবেদনের ক্ষেত্রে মেমোরেন্ডাম ও আর্টিকেলস অব এসোসিয়েশন এবং সার্টিফিকেট অব ইনকরপোরেশন দাখিল করিতে হইবে।

(খ) **বরাদ্দপত্র ইস্যুঃ**

(১) বিএসআরএস যে কোন আবেদনপত্র সম্পূর্ণ বা আংশিক গ্রহণ বা বাতিল করিবার অধিকার সংরক্ষণ করে।

(২) কৃতকার্য আবেদনকারীদের রেজিষ্টার্ড ডাকযোগে চাঁদার তালিকা বন্ধের ৪০ দিনের মধ্যে বরাদ্দপত্রের মাধ্যমে সার্টিফিকেট বরাদ্দের বিষয়টি অবহিত করা হইবে।

(৩) অকৃতকার্য আবেদনকারীদের অর্থ চাঁদার তালিকা বন্ধের ৪০ দিনের মধ্যে ফেরত দেওয়া হইবে। ব্যর্থতায় ব্যাংক রেটের চেয়ে ৫ শতাংশ বেশী হারে সুদ পরিশোধ করা হইবে।

## চতুর্থ অধ্যায়

**ফান্ডের প্রকৃতি ও পত্রকোষ**

(১) বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা আদেশ ১৯৭২ (রাষ্ট্রপতির আদেশ নং ১২৮/১৯৭২) এর ১৬(টি) ধারা বলে বিএসআরএস কর্তৃক প্রথম বিএসআরএস মিউচ্যুয়াল ফান্ড বাজারজাত করা হইতেছে। এই ফান্ডের সার্টিফিকেটসমূহ ফান্ডের নীট মুনাফা গ্রহণের সমপর্যায়ের অধিকার রাখে। সার্টিফিকেটের কোন একটিকে অপরটির উপর অগ্রাধিকার দেওয়া হইবে না। প্রত্যেক সার্টিফিকেটধারীর নাম প্রথম বিএসআরএস মিউচ্যুয়াল ফান্ড সার্টিফিকেট হোল্ডার রেজিষ্টারে লিপিবদ্ধ থাকিবে এবং গৃহীত সার্টিফিকেটের সংখ্যার সমানুপাতিক হারে প্রথম বিএসআরএস মিউচ্যুয়াল ফান্ডের সম্পত্তি (রাইট ও বোনাস শেয়ারসহ) অবিভক্ত ও পক্ষপাতহীনভাবে সকল ফান্ড হোল্ডারের মালিকানাধীন বলিয়া গণ্য হইবে। বিএসআরএস আদেশ ১৯৭২ এর বিধি এবং ইহার অধীনে সময় সময় প্রণীত সকল নিয়মকানুন অনুযায়ী সার্টিফিকেট গ্রহণ ও হস্তান্তর করা হইবে।

(২) প্রথম বিএসআরএস মিউচ্যুয়াল ফান্ড একটি "ক্লোজড এন্ড ফান্ড"। এই ফান্ড পুনঃ ক্রয় কিংবা দায় পরিশোধের নিমিত্তে বিএসআরএস চুক্তিবদ্ধ নহে। ইহা ঢাকা ও চট্টগ্রাম ষ্টক এক্সচেঞ্জে বেচাকেনার জন্য তালিকাভুক্ত হইবে। প্রথম বিএসআরএস মিউচ্যুয়াল ফান্ডের সার্টিফিকেট একটি অস্থাবর সম্পত্তি এবং দাতা ও গ্রহীতার লিখিত দলিলে স্বাক্ষরের মাধ্যমে সাধারণভাবে প্রচলিত নিয়মে স্বাধীনভাবে এই ফান্ড হস্তান্তরযোগ্য।

Continued onpage 7